শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -১৬৪ (৪০)    তারিখ ঃ ১৬ ফাল্গুন, ১৪২৯ / ০১ মার্চ, ২০২৩

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ০৯ মার্চ, ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১২:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের মার্চ, ২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ০৮-০৩-২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০১/০৩/২৩
( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম। (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) চেয়ারম্যান,.........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব...........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ -১৬৪ (৪০)/১(৪)    তারিখ ঃ ১৬ ফাল্গুন, ১৪২৯ / ০১ মার্চ, ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : মার্চ, ২০২৩ সভার তারিখ: ০৯/০৩/২০২৩, সময় : বেলা- ১২.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718688677 | sumonsaha-uatiadi@gmail.com | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745763080 | uaofulkuri@gmail.com | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718455198 | ulophulbari.k@dls.gov.bd | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 0173261[illegible] | | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01746410506 | [illegible]@gmail.com | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718996474 | ueofulkuri@gmail.com | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useofulbarikurigram@gmail.com | |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | ussophulbari@gmail.com | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | Sabujkumargupta07@gmail.com | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069747 | ummekulsum urdofulbari@gmail.com | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01721765000 | lalitroy.6469@gmail.com | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | hasandpi10@gmail.com | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415111 | | |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম (আমন্ত্রিত) | | | |

উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : মার্চ, ২০২৩ সভার তারিখ: ০৯/০৩/২০২৩, সময় : বেলা- ১২.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৫৭৭১৫০ | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৬৭৭১৫০ | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01727969825 | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01734163805 | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01718387045 | | |

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## মার্চ, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ । |
| তারিখ | ঃ | ০৯ মার্চ, ২০২৩। |
| সময় | ঃ | বেলা ১২.৩০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ১৪ মার্চ, ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১৮-৪৭ নং প্রজ্ঞাপন সভায় পাঠ করে শুনান। উক্ত প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক উপজেলার (সকল) অফিসের কর্মকর্তা ও কর্মচারীদেরকে প্রতিদিন সকাল ৯.০০ টা হতে ৯.৪০ মি: পর্যন্ত অফিস ত্যাগ না করে অফিসে অবস্থান করার জন্য অনুরোধ করেন।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী)** আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, গত ১১/০৮/২০২২ তারিখ অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের অধীন উপজেলা কমপ্লেক্সের বাউন্ডারী ওয়াল এবং গেট নির্মাণ কাজ বাস্তবায়ন করার জন্য নিয়মানুযায়ী দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্রে অংশগ্রহণকারীগণের মধ্যে মেসার্স সাইকি বিল্ডার্স, ফুড অফিস রোড, নীলফামারী নির্বাচিত হলে চুক্তি সম্পাদন সংশ্লিষ্ট কাজ বাস্তবায়নের জন্য কার্যাদেশ প্রদান করা হয়। বর্তমানে প্রায় ৭০% কাজ উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন করা হয়েছে এবং কাজের অবস্থা ও গুণগত মান সন্তোষজনক রয়েছে। অবশিষ্ট কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য নিয়োজিত প্রতিষ্ঠান ২য় চলতি বিলের আবেদন করেছেন। যা সভায় আলোচনান্তে অনুমোদন করা হয়: | এ বিষয়ে সভায় আলোচনান্তে চলতি অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল হতে ২য় চলতি বিলের =১৬,৬৭,৫১৪/- (ষোল লক্ষ সাতসট্টি হাজার পাঁচশত চৌদ্দ) টাকা নির্বাহ করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

| ক্র:নং | কাজের নাম | চুক্তিমূল্য | ১ম কিস্তিতে বিলের টাকা পরিশোধ | ২য় চলতি বিলে টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ফুলবাড়ী উপজেলা পরিষদের গেট নির্মাণ করণ। | ২০,৮৯,৯৯৯/- | ১০,১২,৫৭৫/- | ৫,৩৭,০০৬/- | |
| ২ | ফুলবাড়ী উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণকরণ। | ৩৫,১৪,৯৯৯/- | ১৫,১৬,৩৫৯/- | ১১,৩০,৫০৮/- | |
| | মোট= | ৫৬,০৪,৯৯৮/- | ২৫,২৮,৯৩৪/- | ১৬,৬৭,৫১৪/- | |

(চলমান/ পাতা ২)

সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, গত ১১/০৮/২০২২ তারিখ অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক রাজস্ব তহবিলের অধীন উপজেলা কমপ্লেক্সের বাউন্ডারী ওয়াল এবং গেট নির্মাণ কাজ বাস্তবায়ন করার জন্য নিয়মানুযায়ী দরপত্র আহবান করা হয়। উক্ত দর- অংশগ্রহণকারীগণের মধ্যে মেসার্স সাইকি বিল্ডার্স, ফুড অফিস রোড, নীলফামারী নির্বাচিত হলে চুক্তি সম্পাদন করে সংশ্লিষ্ট কাজ বাস্তবায়নের জন্য কার্যাদেশ প্রদান করা হয়। বর্তমানে প্রায় ৭০% কাজ উক্ত প্রতিষ্ঠান কর্তৃক সম্পন্ন করা হয়েছে । কাজটি বাস্তবায়নকালে দেখা যায় যে, বাউন্ডারী ওয়াল সংলগ্ন সাইট ইমপ্রুভমেন্ট এবং বাউন্ডারীর সৌন্দর্য ও পারিপার্শ্বিক নিরাপত্তার লাইটিং এর জন্য ইলেকট্রিফিকেশন কাজ করা প্রয়োজন। এছাড়া সীমানা গেটের সৌন্দর্য বৃদ্ধির জন্য গেট সংলগ্ন সাইট ইমপ্রুভমেন্টসহ গেটের প্রবেশ ও প্রস্থান পথের আরসিসি ও গাথুঁনীর কাজ এবং গেটের সম্পূর্ণ দেয়াল অংশ ওয়াল টাইলস, কেসিং ব্রিকসের কাজ করা প্রয়োজন। এক্ষেত্রে বর্ণিত কাজ ২টির জন্য অতিরিক্ত প্রাক্কলন (১) গেট বাবদ টাকা=২,৯২,৫৯৯/- ও (২) সীমানা প্রাচীর বাবদ টাকা=৪,৯২,০৯৯/-মাত্র প্রস্তুত করা হয়েছে।

| ক্রঃ নং | কাজের নাম | চুক্তিমূল্য | অতিরিক্ত টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ফুলবাড়ী উপজেলা পরিষদের গেট নির্মাণ করণ। | ২০,৮৯,৯৯৯/- | ২,৯২,৫৯৯/- | |
| ২ | ফুলবাড়ী উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ করণ। | ৩৫,১৪,৯৯৯/- | ৪,৯২,০৯৯/- | |
| | | ৫৬,০৪,৯৯৮/- | ৭,৮৪,৬৯৮/- | |

এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হওয়ার পর সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, যেহেতু উক্ত কাজ দুইটির Variation ১৫% এর মধ্যে সীমাবদ্ধ রয়েছে এবং Variation অনুমোদিত হলে বাউন্ডারী ওয়াল ও গেট বাবদ মোট চুক্তি মূল্য হয় ৬৩,৮৯,৬৯৬/-টাকা যা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত টাকার চেয়ে কম তাই HOPE কর্তৃক প্রাক্কলন ২টি Recast অনুমোদনের জন্য ব্যবস্থা নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলী'কে হলো।

| | | |
|---|---|---|
| সভায় উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী জানান যে, উপজেলা পরিষদের টুইন কোয়ার্টার ২০২২-২০২৩ অর্থবছরে জরুরী রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। উক্ত কাজ বাস্তবায়নের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের টুইন কোয়ার্টার জরুরী রক্ষণাবেক্ষণ বাবদ ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদন করা হয় এবং বিধি অনুযায়ী নিম্নোক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রকল্পটি বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ক) অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | প্রকল্পের নাম : উপজেলা পরিষদের টুইন কোয়ার্টার জরুরী রক্ষণাবেক্ষণ। প্রাক্কলিত মূল্য=১,০০,০০০/- টাকা।<br>প্রকল্প বাস্তবায়ন কমিটি :<br>১) জনাব মো: মাহমুদুল হাসান সুমন ইউপি সদস্য-প্র: সভাপতি<br>২) জনাব মো: ওবায়দুল হক (গণ্যমান্য)- " সেক্রেটারী<br>৩। জনাব মো: মিজানুর রহমান (শিক্ষক)- সদস্য<br>৪। জনাব মো: নজির হোসেন (বীরমুক্তিযোদ্ধা)- সদস্য<br>৫। জনাব হাফেজ মো: আব্দুল বাতেন (ইমাম)- সদস্য | |

চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নিলামে বিক্রয়ের নিমিত্তে পরিত্যক্ত ঘোষণার অনুমোদন দেয়া হয়েছে। যেহেতু ভবন ২টি পরিত্যক্ত ঘোষণা করা হয়েছে সেহেতু নতুন ভবন নির্মাণ করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে এবং ভবন ২টি নির্মাণের জন্য প্রায় ৩(তিন) কোটি টাকার প্রয়োজন হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হলো এবং নতুন ভবনের প্রয়োজনীয়তাসহ বরাদ্দ প্রাপ্তির জন্য স্থানীয় সরকার বিভাগে লিখিতভাবে অবহিত করার জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ১ম কিস্তির বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে ভবন ২টির জন্য সয়েল টেষ্ট এবং টপো-সার্ভে রিপোর্ট স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ডিজাইন ইউনিটে প্রেরন করা এবং প্রাপ্ত ডিজাইন স্বাপেক্ষে ভবন ২টির নির্মাণ কাজ সম্পন্ন করা হবে। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী'কে প্রয়োজনীয় ব্যবস্থাসহ সার্বিক সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হলো।

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক(প্রশাসন) জনাব মোঃ আহসান কিবরিয়া সিদ্দিকি মহোদয় গত ২ জুন, ২০২২খ্রিঃ তারিখ আকস্মিক কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার অধুনালুপ্ত দাসিয়ার ছড়া ছিট মহল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি মাননীয় প্রধানমন্ত্রী যে স্থানে উপস্থিত হয়ে ছিটমহল বিনিময় করেন অর্থাৎ দাসিয়ার ছড়া মাঠে স্মৃতিফলক নির্মাণের জন্য মৌখিক নির্দেশনা দেন। মহাপরিচালক(প্রশাসন) মহোদয়ের নির্দেশনা অনুযায়ী স্মৃতিফলক নির্মাণ কাজ শুরু করা হয়েছে। উক্ত স্মৃতিফলক নির্মাণের বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষেকে অবহিত করে অনুমোদন গ্রহণ প্রয়োজন। এ বিষয়ে সভায় আলোচনা অনুষ্ঠিত হলো। আলোচনান্তে উক্ত স্মৃতিফলক নির্মাণের অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম'কে অনুরোধ করার জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসার'কে অনুরোধ করা হলো।

(চলমান/৩)

<table>
<tr><td>কৃষি বিভাগ</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর দপ্তরের মার্চ, ২০২৩ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন :<br>(ক) বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা ১০.১৩৫ হে: চলতি মোট আবাদকৃত জমি ১০.১৮৫ হে:।<br>(খ) কৃষি প্রনোদনা কর্মসূচির আওতায় ৮০০ জন কৃষককে ০১ কেজি হারে তোষাপাট বীজ ও ১১০০ জন কৃষককে বীজ ও সার বিতরণ করা হয়েছে।(গ) খরিপ-১ মৌসুমে কৃষক পর্যায়ে আউস ধানের বীজতলা তৈরি ও রোপন চলছে। (ঘ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার বিতরণ ও মজুদ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।</td><td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত মার্চ,২০২৩ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><td>ক্র: নং</td><td>কার্যক্রমের নাম</td><td>চলতি মাসে অর্জন</td></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২০৫৬টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১১১৫১টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৪৭৯০ টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৪৮,০০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>২৪৫টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১০০ টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৬টি</td></tr>
<tr><td>৯</td><td>পোষা প্রাণির চিকিৎসা প্রদান</td><td>০১টি</td></tr>
<tr><td>১০</td><td>খামারী প্রশিক্ষণ প্রদান</td><td>২০ জন</td></tr>
<tr><td>৯</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারী</td><td>৭০ জন</td></tr>
<tr><td>১০</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>১.৬ একর</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ হাসপাতালের কার্যক্রম স্বাভাবিক।</td><td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
<tr><td>বাংলাদেশ পুলিশ ফুলবাড়ী থানা</td><td>অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ফুলবাড়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে।</td><td>মাদক পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখতে হবে।</td><td>১)অফিসারইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২। ইউপি চেয়ারম্যান/ সচিব</td></tr>
<tr><td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান:<br>১। প্রাথমিক শিক্ষা পদক-২০২৩, উপজেলা ও জেলা পর্যায়ের কার্যক্রম চূড়ান্ত হয়েছে;<br>২। উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির ০২/০৩/২০২৩ তারিখের সভায় বিদ্যালয়ের অনুকূলে উন্নয়নমূলক কার্যক্রমে প্রাপ্ত বরাদ্দের যথাযথভাবে ব্যয় ও বিদ্যালয়ের শিক্ষকগণ বিদ্যালয়ে যথাসময়ে আগমন ও প্রস্থান নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ;<br>৩। বিষয় ভিত্তিক ইংরেজি প্রশিক্ষণ ০৮/০২/২০২৩ হতে শুরু হয়েছে;<br>৪। যে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন হয়নি, সে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন কার্যক্রম চলমান রয়েছে।</td><td>বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>(ক) মার্চ, ২০২৩ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতে ৮০১ জনকে ১,৫৪,০৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) মার্চ, ২০২৩ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১২৯ জনকে ৪,০৪,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) মার্চ, ২০২৩ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ৩৫৬ জনকে ১,০৫,৫৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। মার্চ, ২০২৩ পর্যন্ত ৭৯১৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৩%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৫% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরো জানান, তাঁর কার্যালয়ের ইলেক্ট্রিক ওয়ারিং মারাত্মক ঝুকিপূর্ণ, অফিসের সামনে বৈদ্যুতিক লাইট নেই এবং অফিসঘর জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা জরুরী প্রয়োজন। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। । |
| মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং জেলে নিবন্ধন ও জেলেদের জাতীয় পরিচয়পত্রের কাজ হালনাগাদকরণ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ-১১শ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির তথ্য অনলাইনে আপলোড কার্যক্রম চলমান;<br>২। ৬ষ্ঠ ও সপ্তম শ্রেণির শিক্ষক সহায়িকা (টিচার্স গাইড) প্রতিষ্ঠানে প্রেরণ সম্পন্ন হয়েছে;<br>৩। ২০২২ শিক্ষাবর্ষের আইএমএস তথ্য অনলাইনে আপলোড কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। ৬ষ্ঠ-৯ম শ্রেণির বিনামূল্যের পাঠ্যপুস্তক চাহিদা অনলাইনে আপলোড কার্যক্রম চলমান রয়েছে।<br>৫। ২০২৩ শিক্ষাবর্ষে নতুন বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলমান।<br>৬। ৬ষ্ঠ হতে ১১শ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির তথ্য সংশোধন কার্যক্রম চলমান।<br>৭। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী |

(চলমান/৫)

| | | | |
|---|---|---|---|
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচি/প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :<br>(১) ফুলবাড়ী উপজেলায় ভালনারেবল উইমেন বেনিফিট (ডিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২৩-২০২৪ চক্রে ৬(ছয়)টি ইউনিয়নে ৪৯০০ জন নতুন উপকারভোগী নির্বাচন সম্পন্ন হয়েছে। ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের ফেব্রুয়ারি, ২০২৩ মাসের চাউল (খাদ্যশষ্য) বিতরণ করা হয়েছে।<br>(২) মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইন আবেদন চলমান রয়েছে;<br>(৩) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ের রাজস্ব খাতে মহিলা প্রশিক্ষণ চলমান রয়েছে;<br>(৫) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে আইজিএ প্রশিক্ষণ প্রকল্প খাতে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (দু'টি ট্রেডে) ১৮তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শেষ হয়েছে। পরবর্তীতে অধিদপ্তরের নির্দেশনায় প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।<br>(৬) ফুলবাড়ী উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। ফেব্রুয়ারি/২৩ মাসের নাস্তা বিতরণ করা হয়েছে এবং উক্ত ০৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি জানান, পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় পরিচালিত বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। এ ছাড়া গত ডিসেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন পর্যালোচনা করে আদায়ের হার বৃদ্ধি করতে তাগাদা দেয়া হয়েছে। ১) ২০২২-২৩ অর্থবছরের অতিরিক্ত বরাদ্দের ভাতাভোগীসহ G2P সিস্টেমে সকল ভাতাভোগীর ভাতা প্রদানের অগ্রগতি সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ২) চলতি ২০২২-২৩ অর্থবছরে ভাতাভোগীদের ফিজিক্যাল যাচাই-বাছাইয়ের বিষয়ে জানান যে, গত সেপ্টেম্বর, ২০২২ মাসের সমন্বয় সভায় উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ফুলবাড়ী উপজেলার সকল ধরণের ভাতাভোগীদের উপস্থিতিতে মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগী যাচাই করা হয়েছে। ভাতা ভোগীদের অধিকাংশই বয়স্ক ও প্রতিবন্ধী হওয়া যাচাই-বাছাই কার্যক্রমে কিছুটা বিলম্ব হয়েছে এবং সেইসাথে প্রতিস্থাপনের কিছুটা বিলম্ব হওয়ায় কিছু সংখ্যক ভাতাভোগীর পে-রোল প্রেরণ করা যায়নি। ৩) সকল প্রতিবন্ধী ভাতাভোগী যাচাই করার সিদ্ধান্ত গ্রহণ; ৪) প্রতিবন্ধী পরিচয়পত্র না থাকায় ভাতাভোগীদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং দ্রুততার সাথে প্রতিস্থাপন করত: শতভাগ পে-রোল প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |

(চলমান পাতা/৬)

| | | | |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌ- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামিণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী। |
| উপজেলা পরিষদ | (১) ২০২২-২০২৩ অর্থবছরে মার্চ, ২০২৩ মাসে উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে। এ কাজে ২(দুই) ধাপে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে ব্যয় হয়েছে (২৫,০০০+২৫,০০০) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩। (ভ) ক্রমিক অনুযায়ী উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন বাবদ ব্যয়কৃত অর্থ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন বাবদ ব্যয়কৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | (১) ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদের আসবাব পত্র মেরামত করা হয়েছে। এ কাজে ২(দুই) ধাপে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে ব্যয় হয়েছে (২৫,০০০+২৫,০০০) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩।(ছ) ক্রমিক অনুযায়ী উপজেলা পরিষদ এর আসবাব পত্র মেরামত বাবদ ব্যয়কৃত অর্থ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদ এর আসবাবপত্র মেরামত বাবদ ব্যয়কৃত দুই ধাপে (২৫,০০০+ ২৫,০০০) ৫০,০০০/- টাকার খরচ সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বিবিধ | **(ক)** উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত মার্চ/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ৫,৭৪৮/- (**পাঁচ** হাজার সাতশত আটচল্লিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত মার্চ/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ৫,৭৪৮/- (**পাঁচ** হাজার সাতশত আটচল্লিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | (খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (খ) অনুচ্ছেদ মোতাবেক ২৬ মার্চ, ২০২৩ মহান স্বাধীনতা দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় আলোচনা হয়। | সভায় ২৬ মার্চ, ২০২৩ মহান স্বাধীনতা দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় সর্বসম্মতি-ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (গ) উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত পাজেরো জীপের জুলাই/২২ হতে ফেব্রুয়ারি/২৩ পর্যন্ত সময়ের জ্বালানী বাবদ ১,৭১,৫১৫/-(এক লক্ষ একাত্তর হাজার পাঁচশত পনের) টাকার ৫% ভ্যাট বাবদ ৮,৫৭৬/-টাকাসহ মোট =১,৮০,০৯১/-টাকার ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | **বিষয়টি সভায় বিস্তারিত আলোচনান্তে এবং সর্বসম্মতিক্রমে জ্বালানী বাবদ =১,৮০,০৯১/-** (এক লক্ষ আশি হাজার একানব্বই) টাকার ব্যয় অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |

(চলমান পাতা/৭)

| | | | |
|---|---|---|---|
| বিবিধ | (ঘ) কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লি বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিসের ০৮/৩/২০২৩ তারিখের ১৪১ (ক) নং স্মারকে ফুলবাড়ী উপজেলা পরিষদের আওতাধীন কৃষি ভবন পানির পাম্প হিসাব নম্বর ৪০৭-২০৬৫ এর ১৫,৩৪২/- (পনের হাজার তিনশত বিয়াল্লিশ) টাকার বকেয়া বিদ্যুৎ বিল দাখিল করেছেন। সভায় উক্ত বকেয়া বিদ্যুৎ বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যায় মর্মে বিস্তারিত আলোচনা হয়। | কৃষি ভবন পানির পাম্প হিসাব নম্বর ৪০৭-২০৬৫ এর ১৫,৩৪২/- (পনের হাজার তিনশত বিয়াল্লিশ) টাকার বকেয়া বিদ্যুৎ বিল উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ফুলবাড়ী, কুড়িগ্রাম।**
**www.phulbari.kurigram.gov.bd**

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২৩-১৮৮ তারিখ : ২৯ ফাল্গুন, ১৪২৯।
১৪ মার্চ, ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ............................................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা.......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব.................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

১৪/০৩/২৩


**( সুমন দাস )**
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd


Ahmed
১৪/০৩/২৩